

Published: 08 Dec 2018 10:55 PM

ব্যাক-কুমন প্রথম বর্ষপূর্তি:সনদ পেল ৮০ জন

গণিত শিক্ষার বিশেষ প্রশিক্ষণ ব্র্যাক-কুমন এর প্রথম বর্ষপূর্তি ও সনদ বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সাভারে ব্র্যাক সিডিএমে আয়োজিত এই অনুষ্ঠানে তিন ক্যাটাগরিতে অ্যাডভান্সড স্টুডেন্ট অনার অ্যাওয়ার্ড বা এএসএইচআর সার্টিফিকেট অর্জন করে ৮০ জন শিক্ষার্থী। কুমন বাংলাদেশের ধানমণ্ডি ও উত্তরা সেন্টারের শিক্ষার্থীরা এই অনুষ্ঠানে অংশ নেয়।

ব্র্যাক ইউনিভার্সিটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান হয়, যেসব শিক্ষার্থী গণিত শিক্ষায় নিজের সিলেবাস শেষ করে সামনে এগিয়েছে তাদেরকেই এএসএইচআর সনদ দেওয়া হয়েছে। প্রথম বছরে ২৭ জন শিক্ষার্থী ব্রোঞ্জ,৪৬ জন শিক্ষার্থী সিলভার এবং ৭ জন শিক্ষার্থী গোল্ড ক্যাটাগরিতে উত্তীর্ণ হন।

স্কুল গ্রেড থেকে ৬ মাস এগিয়ে থাকার জন্য ব্রোঞ্জ,এক বছর এগিয়ে থাকার জন্য সিলভার এবং দুই বছর এগিয়ে থাকার জন্য গোল্ড ক্যাটাগরি অর্জন করেন শিক্ষার্থীরা।

জাপানের গণিতের শিক্ষক 'তরু কুমন' ১৯৫৮ সালে নিজের সন্তানকে সঠিক পদ্ধতিতে গণিত শেখানোর উদ্দেশ্যে এক বিশেষ পদ্ধতি উদ্ভাবন করেন। সেই সূত্র ধরে কুমনের এই পদ্ধতি বিশ্বের ৫০টি দেশে বিগত ৫৪ বছর ধরে শিক্ষা দিয়ে আসছে।

গত বছরের সেপ্টেম্বরে কুমন ধানমন্ডি সেন্টার এবং অক্টোবরে কুমন উত্তরা সেন্টার চালুর মাধ্যমে বাংলাদেশে কুমনের কার্যক্রম শুরু হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ব্যাকের প্রতিষ্ঠাতা ফজলে হাসান আবেদ। বিশেষ অতিথি ছিলেন কুমন এশিয়া-ওশানিয়ার সভাপতি আতুশি ইয়ামাদা।

এছাড়া ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য ও কোষাধ্যক্ষ এস এন কৈরী, ব্র্যাক ইনস্টিটিউট অব ল্যাঙ্গুয়েজেসের ডিরেক্টর সৈয়দা সারওয়াত আবেদ, জাইকা বাংলাদেশের উপদেষ্টা কেইসুকে সাওয়াদা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। গণিতে শিশুর মেধা ও দক্ষতা বিকাশের লক্ষ্যে ব্র্যাক ২০১৪ সালে প্রথম বাংলাদেশে কুমন পদ্ধতির প্রাক-পাইলট সমীক্ষা পরিচালনা করে। পরের বছর প্রথম পাইলট প্রকল্প গৃহীত হয়। ব্র্যাক শিক্ষা কর্মসূচির ১৭টি বিদ্যালয়ে ৫১০ শিক্ষার্থী নিয়ে পরিচালিত গবেষণার ভিত্তিতে বর্তমানে দ্বিতীয় পাইলট কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।